

আশ-শূরা | Ash-Shura | الشُّورَى

আয়াতঃ ৪২ : ২৬

আরবি মূল আয়াত:

وَيَسْتَجِيبُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَيَزِيدُهُم مِّن فَضْلِهِ ۚ وَالْكَافِرُونَ لَهُمْ عَذَابٌ شَدِيدٌ ﴿٢٦﴾

অনুবাদসমূহ:

আর যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদের আহ্বানে তিনি সাড়া দেন এবং তাদের প্রতি তাঁর অনুগ্রহ বৃদ্ধি করেন। আর কাফিরদের জন্য রয়েছে কঠিন আযাব। — আল-বায়ান

যারা ঈমান আনে আর সৎকর্ম করে তিনি তাদের আহ্বান শুনে, আর তিনি তাদের প্রতি নিজ অনুগ্রহ বাড়িয়ে দেন আর কাফিরদের জন্য আছে কঠিন শাস্তি। — তাইসিরুল

তিনি মু'মিন ও সৎকর্মশীলদের আহ্বানে সাড়া দেন এবং তাদের প্রতি তার অনুগ্রহ বর্ধিত করেন; কাফিরদের জন্য রয়েছে কঠিন শাস্তি। — মুজিবুর রহমান

And He answers [the supplication of] those who have believed and done righteous deeds and increases [for] them from His bounty. But the disbelievers will have a severe punishment. — Sahih International

২৬. আর যারা ঈমান এনেছে এবং সৎকাজ করেছে তিনি তাদের ডাকে সাড়া দেন এবং তাদের প্রতি তাঁর অনুগ্রহ বাড়িয়ে দেন; আর কাফিররা, তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি।

-

তাকসীয়ে জাকারিয়া

(২৬) তিনি বিশ্বাসী ও সৎকর্মপরায়ণদের আহ্বানে সাড়া দেন[১] এবং তাদের প্রতি তাঁর অনুগ্রহ বর্ধিত করেন; আর অস্বীকারকারীদের জন্য রয়েছে কঠিন শাস্তি।

[১] অর্থাৎ, তাদের দু'আ ও প্রার্থনা শোনে এবং তাদের যাবতীয় আশা-আকাঙ্ক্ষা পূর্ণ করেন। তবে শর্ত হল, দু'আর আদবসমূহ ও তার শর্তাবলীর প্রতি পূর্ণ যত্নবান হতে হবে। আর হাদীসে এসেছে যে, “মহান আল্লাহ তাঁর বান্দার তাওবায় সেই ব্যক্তির চেয়েও অধিক আনন্দিত হন, যার সওয়াবী মরুপ্রান্তরে খানা-পানিসহ নিখোঁজ হয়ে যায় এবং সে নিরাশ হয়ে কোন গাছের ছায়ায় শুয়ে ঘুমিয়ে পড়ে। অতঃপর (ঘুম থেকে উঠে) হঠাৎ সে তার

সাওয়ারী পেয়ে যায় এবং আনন্দে আত্মহারা হয়ে তার মুখ থেকে বের হয়ে যায়, ‘হে আল্লাহ! তুমি আমার বান্দা আর আমি তোমার প্রভু।’ অর্থাৎ, আনন্দে আত্মহারা হয়ে ভুল বলে ফেলে।” (মুসলিম, কিতাবুত তাওবাহ)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4298>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন